

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
আঞ্চলিক সংস্থাসমূহ অণুবিভাগ
ঢাকা।

তারিখ: ২৭ জুলাই ২০১৭

নং-১৯.০০.০০০০.৩০১.৪৩.০৫৪.১৭

প্রাপক : জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি
মাননীয় পররাষ্ট্র মন্ত্রী
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রেরক : আরিফ মোহাম্মাদ
সহকারী সচিব (আঞ্চলিক সংস্থাসমূহ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়: আগামী ৭-৮ আগস্ট ২০১৭ তারিখ ফিলিপাইনের ম্যানিলায় অনুষ্ঠিতব্য ২৪তম ASEAN Regional Forum (ARF) সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে অংশগ্রহণের জন্য সরকারি অনুমোদন জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ৭-৮ আগস্ট ২০১৭ তারিখে ফিলিপাইনের ম্যানিলায় অনুষ্ঠিতব্য ২৪তম ASEAN Regional Forum (ARF) সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সরকারি অনুমোদন জ্ঞাপন করছে:

০২। উপর্যুক্ত বৈঠকে যোগদানের জন্য আপনি আগামী ০৬ আগস্ট ২০১৭ তারিখ অথবা এর নিকটবর্তী তারিখে ফিলিপাইনের ম্যানিলার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন ও বৈঠক সমাপনান্তে আগামী ০৯ আগস্ট ২০১৭ তারিখ অথবা নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;

০৩। বর্গিত বৈঠকে আপনার অংশগ্রহণ সরকারি কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবেন এবং বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;

০৪। ভ্রমণ সংক্রান্ত যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং আপনি বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন;

০৫। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

-sd-

(আরিফ মোহাম্মাদ)
সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৭৩

তারিখ: ২৭ জুলাই ২০১৭

নং-১৯.০০.০০০০.৩০১.৪৩.০৫৪.১৭

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সহকারী সচিব (কনসুলার/আইসিটি/তহবিল/সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৬। অফিস কপি।

(আরিফ মোহাম্মাদ)
সহকারী সচিব
২৭.০৭.১৭